# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
## মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
## মেরিন ফিশারিজ একাডেমি, মৎস্য বন্দর, চট্টগ্রাম-৪০০০

**টেকসই উন্নয়নের জন্য সাগর, মহাসাগর ও সামুদ্রিক সম্পদের সংরক্ষণ ও টেকসই ব্যবহার(এসডিজি ১৪)**

# ০৪ বছর মেয়াদী বিএসসি (অনার্স) ইন মেরিন ফিশারিজ কোর্সে ক্যাডেট ভর্তি বিজ্ঞপ্তি



মেরিন ফিশারিজ একাডেমির ৪২তম ব্যাচে (২০২০-২১ শিক্ষাবর্ষ) বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম ইউনিভার্সিটি, বাংলাদেশ এর অধীনে ০৪ বছর মেয়াদী বিএসসি (অনার্স) ইন মেরিন ফিশারিজ কোর্সে ক্যাডেট ভর্তির জন্য বাংলাদেশের যোগ্য স্থায়ী অবিবাহিত মহিলা ও পুরুষ নাগরিকদের নিকট হতে আবেদন আহবান করা যাচ্ছে। ভর্তি পরীক্ষার প্রবেশপত্র সংক্রান্ত তথ্য, লিখিত পরীক্ষার তারিখ ও সময় পরবর্তীতে প্রার্থীর মোবাইলে এসএমএস এর মাধ্যমে জানানো হবে। ভর্তিচ্ছু প্রার্থীর নিম্নবর্ণিত যোগ্যতাসমূহ থাকতে হবেঃ

**শিক্ষাগত যোগ্যতা (ন্যূনতম)ঃ**

১। মাধ্যমিক (বিজ্ঞান) বা ও লেভেল (জীববিদ্যা ও রসায়নসহ) অথবা সমমানের পরীক্ষায় ন্যূনতম জিপিএ ৩.৫০ ।

২। উচ্চ মাধ্যমিক (বিজ্ঞান) বা এ লেভেল (জীববিদ্যা ও রসায়নসহ) অথবা সমমানের পরীক্ষায় ন্যূনতম জিপিএ ৩.৫০ ।

৩। উচ্চ মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় অবশ্যই জীববিদ্যা (‘সি’ গ্রেড) থাকতে হবে।

**সাধারণ যোগ্যতাঃ**

**১। বয়স ঃ** ৩১ ডিসেম্বর ২০২১ইং তারিখে সর্বোচ্চ ২১ বৎসর।

**২। শারীরিক মান (ন্যূনতম) ঃ** উত্তম শারীরিক গঠন ও সুস্বাস্থ্য।

**৩। সর্বনিম্ন উচ্চতা ঃ** ১৬২.৫ সে.মি (পুরুষ) এবং ১৫৫ সে.মি (মহিলা)।

**৪। ওজন ঃ** উচ্চতা অনুযায়ী হবে।

**৫। দৃষ্টিশক্তিঃ** নূন্যতম ৬/১২, **কালার ভিশনঃ** স্বাভাবিক। (মহিলা প্রার্থীদের জন্য শিথিলযোগ্য)।

**৬। সাঁতার ঃ** সাঁতার পরীক্ষায় উত্তীর্ণ (পুরুষ প্রার্থীদের জন্য প্রযোজ্য)।

**আবেদন ফিঃ** ৬৫০.০০ টাকা (আবেদন ফি ভ্যাটসহ দেওয়া হয়েছে এবং অনলাইনে আবেদন সম্পন্ন করার পর তা প্রত্যাহার করা যাবে না)।

**অনলাইনে ভর্তির আবেদন প্রক্রিয়াঃ** অনলাইনে আবেদন ও বিস্তারিত জানার জন্য http://www.mfacademy.gov.bd লিংকে ভিজিট করুন।

## অনলাইনে আবেদনের তারিখঃ ০৪ এপ্রিল ২০২১ ইং হতে ৩১ মে ২০২১ ইং পর্যন্ত।

**ভর্তি পরীক্ষার নিয়মাবলী ঃ**

ইংরেজী ও সাধারণ জ্ঞান, জীববিদ্যা, পদার্থবিদ্যা এবং রসায়ন এই ০৪ টি বিষয়ের প্রতিটিতে ৫০ নম্বর করে মোট ২০০ নম্বরে ২ ঘন্টা সময়ের লিখিত পরীক্ষা হবে। লিখিত পরীক্ষার প্রশ্নপত্র ৬০% MCQ এবং ৪০% বর্ণনামূলক। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের পরবর্তীতে সাঁতার, স্বাস্থ্য, চক্ষু ও বিশেষ রং দর্শন পরীক্ষা এবং মৌখিক পরীক্ষার জন্য আহবান করা হবে।

**সম্ভাব্য কর্মক্ষেত্রঃ**

বিএসসি (অনার্স) ইন মেরিন ফিশারিজ কোর্স সমাপ্তির পর পাশকৃত ক্যাডেটদের সম্ভাব্য কর্মক্ষেত্রসমূহ হলো দেশী-বিদেশী ফিশিং জাহাজ, মৎস্য ও চিংড়ি প্রক্রিয়াজাতকরণ কারখানা, সরকারি-বেসরকারি বিভিন্ন প্রতিষ্ঠান, দেশী-বিদেশী এনজিও ইত্যাদি।

**বিশেষ দ্রষ্টব্যঃ**

১) দিনের বা রাতের যে কোন সময় এমনকি বন্ধের দিনও আবেদন করা যাবে।

২) যে কোন বিষয়ে অনুসন্ধানের জন্য ০১৫৫৭৬৩৬৮৫৭মোবাইল নম্বরটিতে যোগাযোগ করা যাবে (বন্ধের দিন ব্যতীত সকাল ৯টা থেকে বিকাল ০৪ঃ৩০ ঘটিকা পর্যন্ত)

৩) লিখিত পরীক্ষার সময় প্রার্থীর দুই কপি সত্যায়িত পাসপোর্ট সাইজের ছবির পিছনে ভর্তি পরীক্ষার রোল নম্বরটি লিখে এবং ভর্তি পরীক্ষার প্রবেশপত্র সাথে নিয়ে আসতে হবে।

অধ্যক্ষ
মেরিন ফিশারিজ একাডেমি, চট্টগ্রাম